



নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	বেতন-ভাতা	বয়সসীমা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও কর্মস্থল
১	সহকারী ব্যবস্থাপক (প্রকৌশল) পদের সংখ্যা : ০৫টি	কোম্পানীর বেতন গ্রেড-৬ (সাকুল্যে বেতন ৫৫,৭০০/- এবং কোম্পানীর অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	(ক) সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/সিএসই/কম্পিউটার/ টেলিকমিউনিকেশন)। (খ) কর্মস্থল: ঢাকা/কক্সবাজার/কুয়াকাটা বি: দ্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৩.৫ ('ও' লেভেল এবং 'এ' লেভেলের ক্ষেত্রে ৩.০) এবং স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় ২.৭৫ (৪.০ এর ক্ষেত্রে) এর নীচে জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২	সহকারী নিরাপত্তা কর্মকর্তা : ০১ টি	কোম্পানীর বেতন গ্রেড-৬ (সাকুল্যে বেতন ৫৫,৭০০/- এবং কোম্পানীর অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৩২ বৎসর। অবসরপ্রাপ্ত সেনা সদস্যগণের ক্ষেত্রে অনূর্ধ্ব ৪০ বৎসর।	(ক) সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতক (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের চাকরি অভিজ্ঞতা। (গ) শারীরিকভাবে সুঠাম ও সক্ষমতাসম্পন্ন। (উচ্চতা: কমপক্ষে ৫'-৬", ওজন: উচ্চতা অনুযায়ী প্রমাণ ওজন) (ঘ) ইলেকট্রনিক সিকিউরিটি সিস্টেম সম্পর্কিত অভিজ্ঞতা আবশ্যিক। (ঙ) অবসরপ্রাপ্ত Army/Navy/Air force এর সদস্য প্রার্থীগণ (জেসিও/এনসিও/সমমান) অগ্রগণ্য। (চ) কর্মস্থল: কুয়াকাটা।
৩	উপ-সহকারী ব্যবস্থাপক (প্রকৌশল) পদের সংখ্যা : ০৬ টি	কোম্পানীর বেতন গ্রেড-৭ (সাকুল্যে বেতন ৪৩,৩০০/- এবং কোম্পানীর অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	(ক) সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/সিএসই/টেলিকমিউনিকেশন/ সিভিল) (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বৎসরের চাকরি অভিজ্ঞতা। (গ) কর্মস্থল: ঢাকা/কক্সবাজার/কুয়াকাটা বি: দ্র: মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৩.০ ('ও' লেভেল এবং 'এ' লেভেলের ক্ষেত্রে ২.৫)/ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় ২.৭৫ এবং স্নাতক / স্নাতকোত্তর পরীক্ষায় ২.৫০ (৪.০ এর ক্ষেত্রে) এর নীচে জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

- আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে পদের নাম উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের সহিত জীবন বৃত্তান্ত, সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ এবং অন্যান্য সনদের ছায়ালিপি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়ন পূর্বক আগামী ২১/০১/২০২১ খ্রি. তারিখ অপরাহ্ন ৫:০০ ঘটিকার মধ্যে উপরোল্লিখিত ঠিকানায় নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন জমা প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি জারীর তারিখ পর্যন্ত গণনা করা হবে। বয়স প্রমাণের জন্য এফিডেবিট (Affidavit) গ্রহণযোগ্য নয়। এছাড়া প্রার্থিত পদের নাম খামের উপরে লিপিবদ্ধ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ১ নং ও ২নং পদের জন্য ৮০০.০০ (আটশত) এবং ৩নং পদের জন্য ৬০০.০০ (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার অবশ্যই “বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড” এর অনুকূলে প্রদান করতে হবে।
- সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোম্পানীর ওয়েবসাইট (www.bscccl.com) হতে Standard CV Format ডাউনলোড করা যাবে।

তারিখ: ২১/১২/২০২০ খ্রি।

স্বাক্ষরিত

ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

ফোন : ৮৮৭৯১৯২।